

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

সংবাদ বিবৃতি

১৪ ফেব্রুয়ারি ২০১৯

পঞ্চগড়ে আহমদিয়া সম্প্রদায়ের বাড়িঘরে হামলা, ভাংচুর, অগ্নিসংযোগ এবং আহমদিয়া

সম্প্রদায়কে ‘অমুসলিম’ হিসেবে ঘোষণার দাবির তীব্র নিন্দা জানাচ্ছে

হিউম্যান রাইট্স ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) : অবিলম্বে সুষ্ঠু তদন্ত সাপেক্ষে দোষীদের বিচারের আওতায় আনার জোর দাবি

হিউম্যান রাইট্স ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) আহমদিয়া সম্প্রদায়ের উপর হামলা এবং একটি পক্ষ থেকে তাদের অমুসলিম ঘোষণার দাবি উঠায় ক্ষুঁক্ষ প্রতিক্রিয়া ব্যক্ত করছে। এইচআরএফবি মনে করে, এ ধরনের হামলা ও বক্তব্য সংবিধান স্বীকৃত মৌলিক অধিকার ও মানবাধিকারের চরমতম লঙ্ঘন। আহমদিয়া সম্প্রদায়কে অমুসলিম ঘোষণার মতো অসাংবিধানিক দাবিকে যারা সামনে নিয়ে এসে সাম্প্রদায়িক সহিংসতাকে উসকে দিচ্ছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য ফোরাম কর্তৃপক্ষের কাছে দাবি রাখছে। ফোরাম মনে করে, এমন হামলা ও বক্তব্য কেবল নাগরিকের সাংবিধানিক ও নাগরিক অধিকার খর্ব করে না বরং সাম্প্রদায়িকতার বিস্তার ও আইনকে নিজ হাতে তুলে নেয়ার ক্ষেত্রে মদদ যোগায়।

সম্প্রতি আহমদিয়া মুসলিম জামাত ২২ থেকে ২৪ ফেব্রুয়ারি পঞ্চগড় সদর উপজেলার ধাক্কামারা ইউনিয়নের আহমদনগর এলাকায় তিন দিনব্যাপী বার্ষিক সম্মেলনের ডাক দেয়। এই সম্মেলনকে কেন্দ্র করে এক সপ্তাহ ধরে সম্মিলিত খতমে নবুয়ত সংরক্ষণ পরিষদ, ঈমান আকিদা রক্ষা কমিটি, স্থানীয় তৌহিদি জনতা ও ইসলামী যুবসমাজের ব্যানারে দফায় দফায় আন্দোলনে নামে পঞ্চগড়ের বিক্ষুল কিছু লোকজন। আহমদিয়া মুসলিম জামাতকে অমুসলিম ঘোষণা ও পঞ্চগড়ে পূর্ববোষিত বার্ষিক সম্মেলন বক্সের দাবিতে গত ১২ ফেব্রুয়ারি, মঙ্গলবার রাতে তাদের বাড়িঘরে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। এ ছাড়া একই দাবিতে পঞ্চগড় শহরে বিক্ষেভ ও মহাসড়ক অবরোধের ঘটনা ঘটে। অন্যদিকে ১৩ ফেব্রুয়ারি ২০১৯ চট্টগ্রামের হাটহাজারীর আল জামাইতুল আহলিয়া দারুণ উলুম মঙ্গলুল ইসলাম মাদ্রাসায় একটি সংবাদ সম্মেলনে আহমদ শফী আহমদিয়া সম্প্রদায়কে অমুসলমান হিসেবে ঘোষণা করার দাবি জানান। এই সম্মেলনে তিনি আহমদীয়া সম্প্রদায়ের ধর্মসভা বা সম্মেলন স্থগিত করারও দাবি জানান।

ইতিমধ্যে মঙ্গলবার রাতের হামলার ঘটনা তদন্তে সরকারের পক্ষ থেকে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। দ্রুততার সাথে তদন্ত কমিটি গঠন করায় সরকারকে ফোরাম সাধুবাদ জানায়। একই সাথে ফোরাম কমিটির কাছে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের মাধ্যমে অতি দ্রুত দোষীদের চিহ্নিত করার আহ্বান জানাচ্ছে এবং কর্তৃপক্ষের কাছে কমিটির প্রতিবেদনের ওপর ভিত্তি করে এ ঘটনার সাথে জড়িতদের আইনানুগ শাস্তি নিশ্চিত করার পাশাপাশি ক্ষতিহস্তদের প্রয়োজনীয় ক্ষতিপূরণ প্রদানের জন্য দাবী জানাচ্ছে।

শীপা হাফিজা

আহ্বায়ক, হিউম্যান রাইট্স ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)

নির্বাহী পরিচালক, আইন ও সালিশ কেন্দ্র (আসক)

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women Disabilities Development Foundation (WDDF).